# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭৬

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - কিতাব ও সুন্নাহকে সুদৃঢ়ভাবে আঁকড়ে ধরা

باب الاعتصام بالكتاب والسنة - الفصل الثاني

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ تَمَسَّكَ بِسُنَّتِي عِنْدَ فَسَادِ أُمَّتِي فَلَهُ أجر مائَة شَهِيد»

বাংলা

১৭৬-[৩৭] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি আমার উম্মাতের বিপর্যয়ের সময় আমার সুন্নাতকে দৃঢ়ভাবে আঁকড়ে ধরবে, তার জন্য একশত শাহীদের সাওয়াব রয়েছে। (বায়হাক্বী)[1]

ফুটনোট

[1] য‘ঈফ জিদ্দান (খুবই দুর্বল): হিল্ইয়া ৮/২০০, য‘ঈফুত্ তারগীব ৩০। হাদীসটির সব সানাদই দুর্বল। ইবনু ‘আদী হাদীসটি যে সানাদে বর্ণনা করেছেন সেটি খুবই দুর্বল। কারণ তাতে হাসান ইবনু কুতায়বাহ্ নামে একজন রাবী রয়েছেন যাকে ইমাম যাহাবী (রহঃ) ধ্বংসকারী হিসেবে আখ্যায়িত করেছেন। এছাড়াও ইমাম ত্ববারানী তাঁর ‘‘মু‘জামুল আওসাতে’’ এবং আবূ নু‘আয়ম তাঁর ‘‘হিল্ইয়াহ্’’ গ্রন্থের ৮/২০০ নং-এ যে সূত্রে হাদীসটি বর্ণনা করেছেন সেটিও দুর্বল। কারণ তাতে ‘আবদুল ‘আযীয ইবনু আবূ রাও্ওয়াদ নামে একজন রাবী রয়েছেন যার মধ্যে দুর্বলতা রয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসে বর্ণিত শব্দ ‘‘ফাসাদে উম্মাতী’’- অর্থ হলো বিদ্‘আত, ভ্রষ্টতা এবং পাপাচারীর কাজ যখন বৃদ্ধি পাবে, তখন আমার সুন্নাতকে যে আঁকড়ে ধরবে তার জন্য একশত উটের সাওয়াব রয়েছে। যেমন দীনকে জীবিত রাখার জন্য কাফিরের বিরুদ্ধে যুদ্ধ করা, বিশেষ করে বিদ্‘আত ও ভ্রষ্টতার কাজ যখন ‘উলামার মাঝে প্রকাশ পাবে তখন তাদের প্রতিরোধ করা আরও কঠিন হয়ে পড়ে। এজন্য কাফিরদের বিরুদ্ধাচরণ করার চেয়ে এ

ধরনের ‘আলিমদের প্রতিবাদ করলে সাওয়াব দ্বিগুণ হয়ে থাকে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54735

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন